Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



nationalism. **Sub-group : D.3** 4.5 How did the Serampore Baptist Mission Press contribuited on the education in Bengal. 4.6 What was the attitudes of Indian National Congress compaign towards Bardouli. **Sub-group : D.4** 4.7 What was the role of working class during the anti-partition movment? 4.8 How did the government of India tackle the question of integrating princely states into the union of India?

**GROUP-'E'** 5. **Answer any one of the following within fifteen or sixteen sentences :** $8\times1=8$

5.1 How did the colonial rulers establish their control over the Indian forests? What was it's impact on the tribal communities or adivasis. 5.2 Give a brief description of the development of technical education in Bengal. 5.3 Write a note on the Namasudra Movment in Bengal.

## GEOGRAPHY

**বিভাগ-'ক' ১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪**

১.১ আরোহন প্রক্রিয়ায় সৃষ্টি একটি ভূমিরূপ হল– (ক) গিরিখাত (খ) রসে মোতানে (গ) বালিয়াড়ি (ঘ) গৌর। ১.২ ইনসেলবার্জ আরো ক্ষয় পেয়ে গম্বুজাকার ঢিবিতে পরিণত হলে তাকে বলে– (ক) ক্যাসেল কপিজ (খ) বর্নহার্ড (গ) টর (ঘ) অ্যাকলে। ১.৩ মকরীয় উচ্চচাপ বলয় থেকে কুমেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়ের দিকে প্রবাহিত বায়ু– (ক) উত্তর-পশ্চিম পশ্চিমাবায়ু (খ) দক্ষিণ-পশ্চিম পশ্চিমাবায়ু (গ) উত্তর-পূর্ব মেরু বায়ু (ঘ) দক্ষিণ-পূর্ব মেরু বায়ু। ১.৪ $\frac{3}{4}$ ভাগ মেঘাচ্ছন্নতা যে প্রতীক চিহ্ন দিয়ে বোঝানো হয় সেটি হল– (ক)  (খ)  (গ)  (ঘ) । ১.৫ ভারত মহাসাগরের একটি উষ্ণ স্রোতের উদাহরণ হল– (ক) কুরেশিয়ো স্রোত (খ) পশ্চিম অস্ট্রেলীয় স্রোত (গ) পেরু স্রোত (ঘ) মৌসুমী স্রোত। ১.৬ একটি জোয়ার ও একটি ভাটার মধ্যে সময় ব্যবধান হল– (ক) ৬ ঘন্টা ১২ মিনিট ১১.২৫ সেকেন্ড (খ) ২৪ ঘন্টা (গ) ১২ ঘন্টা ৩০ মিনিট (ঘ) ১২ ঘন্টা ২৬ মিনিট। ১.৭ ফ্লাই অ্যাশ– (ক) তাপবিদ্যুৎ কেন্দ্র (খ) জলবিদ্যুৎ কেন্দ্র (গ) বায়ুশক্তি কেন্দ্র (ঘ) পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র থেকে উৎপত্তি হচ্ছে। ১.৮ সর্বাধিক আন্তর্জাতিক সীমানাযুক্ত রাজ্য– (ক) জম্মু ও কাশ্মীর (খ) পশ্চিমবঙ্গ (গ) গুজরাট (ঘ) মিজোরাম। ১.৯ গোদাবরী ও কৃষ্ণা নদীর ব-দ্বীপের মাঝে অবস্থিত হ্রদের নাম– (ক) কোলেরু (খ) পুলিকট (গ) চিল্কা (ঘ) ভেম্বানাদ। ১.১০ ভারতের মৃত্তিকা সংরক্ষণে গৃহীত একটি পদ্ধতি হল– (ক) জলসেচ (খ) ঝুমচাষ (গ) ফালিচাষ (ঘ) পশুচারণ। ১.১১ বলউইভিল পোকার আক্রমণ ঘটে– (ক) পাট (খ) তুলা (গ) গম (ঘ) চা চাষে। ১.১২ ভারতে বৃহত্তম সরকারি লৌহ ইস্পাত শিল্পকেন্দ্র– (ক) জামশেদপুর (খ) দুর্গাপুর (গ) ভিলাই (ঘ) সালেম। ১.১৩ ২০১১ সালের আদমসুমারি অনুসারে সর্বাধিক সাক্ষরতাযুক্ত রাজ্য– (ক) পশ্চিমবঙ্গ (খ) কেরালা (গ) গুজরাট (ঘ) তামিলনাড়ু। ১.১৪ Radar হল– (ক) প্যাসিভ সেন্সর (খ) অ্যাক্টিভ সেন্সর (গ) কৃত্রিম উপগ্রহ (ঘ) ক্যামেরা।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



**বিভাগ-'খ' ২। নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো :**

**২.১ যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :** ১×৬=৬

২.১.১ অবঘর্ষ এবং উৎপাটন হল হিমবাহের ক্ষয়কার্যের পদ্ধতি। ২.১.২ লা লিনার প্রভাবে প্রশান্ত মহাসাগরের পূর্ব উপকূলে খরা দেখা যায়। ২.১.৩ মাদাগাস্কার ও মোজাম্বিক স্রোতের মিলিত শাখা হল কামচাটকা স্রোত। ২.১.৪ Sludge হল একপ্রকার তরল বর্জ্য। ২.১.৫ দক্ষিণ ভারতের তুলনায় উত্তর ভারতে নিত্যবহ খালের সংখ্যা বেশি। ২.১.৬ চণ্ডীগড় একটি পরিকল্পিত শহর। ২.১.৭ উপগ্রহ চিত্রের স্কেল সর্বদা একই থাকে।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো :** ১×৬=৬

২.২.১ প্লায়া হ্রদ উত্তর আফ্রিকায় নামে _____ পরিচিত। ২.২.২ গিনি উপকূলে স্থানীয় বায়ু _____ নামে পরিচিত। ২.২.৩ উত্তপ্ত ভূ-পৃষ্ঠ _____ তরঙ্গরূপে বায়ুমন্ডলে তাপ বিকিরণ করে। ২.২.৪ মরা কোটাল হয় _____ তিথিতে। ২.২.৫ বৈদ্যুতিন বর্জ্যকে সংক্ষেপে বলা হয় _____ বর্জ্য। ২.২.৬ ধান উৎপাদনে ভারতের _____ রাজ্য প্রথম স্থান অধিকার করে। ২.২.৭ উপগ্রহ চিত্র প্রস্তুত করে _____ সংস্থা।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.৩.১ বিশ্বের বৃহত্তম ও গভীরতম সার্ক কোনটি? ২.৩.২ উষ্ণতা হ্রাসের স্বাভাবিক হার কত? ২.৩.৩ জলীয় বাষ্প ঘণীভূত হয়ে ভূ-পৃষ্ঠস্থ কোনো বস্তুর উপর জলবিন্দুরূপে জমা হলে তাকে কী বলে? ২.৩.৪ একটি কঠিন সংক্রামক বর্জ্যের উদাহরণ দাও? ২.৩.৫ Harvesting Programme কোন রাজ্যে নেওয়া হয়েছে? ২.৩.৬ যে শস্য জুন-জুলাই মাসে বপন এবং নভেম্বর ডিসেম্বর মাসে তোলা হয় তাকে কী শস্য বলে? ২.৩.৭ কুমায়ুন হিমালয়ের হিমবাহ সৃষ্টিকারী হ্রদগুলিকে কী বলে? ২.৩.৮ সামুদ্রিক মাছের প্রধান খাদ্য কী?

**২.৪ বামদিকের সঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো :** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ বার্খান | (১) ইয়াস |
| ২.৪.২ ক্রান্তীয় ঘূর্ণবাত | (২) বায়ুর সঞ্চয়কাজ |
| ২.৪.৩ কেন্দ্রীয় কৃষি গবেষণাগার | (৩) কলকাতা |
| ২.৪.৪ City of Joy | (৪) পুসা |

**বিভাগ-'গ' ৩। নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৬=১২

৩.১ ম্যানিওর পিট কী? **অথবা,** বিপজ্জনক বর্জ্য (Hazardous waste) কী? ৩.২ দুন বলতে কী বোঝ? **অথবা,** ল্যাটেরাইট মৃত্তিকার দুটি বৈশিষ্ট্য লেখো। ৩.৩ মিলেট বলতে কী বোঝ? **অথবা,** E- Mail কী? ৩.৪ জিওস্টেশনারি উপগ্রহ কী? **অথবা,** মিলিয়ন শীট বলতে কী বোঝ? ৩.৫ পেডিমেন্ট বলতে কী বোঝ? **অথবা,** হিমশৈল কী? ৩.৬ ITCZ

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



কাকে বলে? **অথবা,** শৈবাল সাগর কী?

**বিভাগ-'ঘ' ৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ৩×৪=১২**

৪.১ জিউগেন ও ইয়ারদাঙ মধ্যে পার্থক্য করো। **অথবা,** মৌসুমী বায়ুর ওপর জেট বায়ুর প্রভাব ব্যাখ্যা করো। ৪.২ বর্জ্য ব্যবস্থাপনায় 3R এর ভূমিকা লেখো। **অথবা,** জৈবভঙ্গুর ও জৈব অভঙ্গুর বর্জ্যের পার্থক্য লেখো। ৪.৩ ভারতে পূর্ববাহিনী নদীগুলির মোহনায় ব-দ্বীপ সৃষ্টি হয়েছে কেন? **অথবা,** ভারতে রেলপথ ও সড়কপথের গুরুত্বের তুলনামূলক আলোচনা করো। ৪.৪ উপগ্রহ চিত্রের সুবিধা ও অসুবিধাগুলি উল্লেখ করো। **অথবা,** TCC ও FCC এর মধ্যে পার্থক্য লেখো।

**বিভাগ-'ঙ' ৫। ৫.১ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.১.১ নদীর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট যেকোনো তিনটি ভূমিরূপ চিত্র সহযোগে ব্যাখ্যা করো। ৫.১.২ পৃথিবীব্যাপী সমুদ্র স্রোতের প্রভাবগুলি আলোচনা করো। ৫.১.৩ বায়ুমন্ডলের উষ্ণতার তারতম্যের কারণগুলি ব্যাখ্যা করো। ৫.১.৪ বিশ্ব উষ্ণায়নের প্রভাব আলোচনা করো।

**৫.২ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.২.১ পূর্ব উপকূল ও পশ্চিম উপকূলের সমভূমির মধ্যে প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য আলোচনা করো। ৫.২.২ ভারতে স্বাভাবিক উদ্ভিদের ওপর জলবায়ুর প্রভাব আলোচনা করো। ৫.২.৩ পশ্চিম ভারতে কার্পাস বস্ত্রবয়ন শিল্পের অধিক উন্নতির কারণগুলি আলোচনা করো। ৫.২.৪ ভারতে জনসংখ্যা বণ্টনের তারতম্যের পাঁচটি কারণ আলোচনা করো।

**বিভাগ-'চ' ৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নাম সহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও :** ১×১০=১০

৬.১ নীলগিরি পর্বত ৬.২ লুনি নদী ৬.৩ কোঙ্কন উপকূল ৬.৪ একটি বৃষ্টিচ্ছায় অঞ্চল ৬.৫ উত্তর ভারতের ম্যাঞ্চেস্টার ৬.৬ পূর্ব ভারতের একটি তথ্যপ্রযুক্তি শিল্পকেন্দ্র ৬.৭ ভারতের সিলিকনভ্যালি ৬.৮ ইন্দিরা গান্ধী আর্ন্তজাতিক বিমান বন্দর ৬.৯ শুল্কমুক্ত বন্দর ৬.১০ ভারতের অর্থনৈতিক রাজধানী শহর।

---

# II

## BENGALI (First Language)

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

১.১ **"শোনা মাত্র অমৃত ফতোয়া জারি করে দিল"**– 'ফতোয়া' শব্দের অর্থ – (ক) রায় (খ) চিৎকার (গ) দাবি (ঘ) প্রতিবাদ। ১.২ **জগদীশবাবু বিরাগীকে প্রণামী দিতে চেয়েছিলেন** – (ক) এক হাজার টাকা (খ) পাঁচশো টাকা (গ) একশো এক টাকা (ঘ) একশো টাকা। ১.৩ **"দয়ার সাগর! পরকে সেজে দি"**– বক্তা হলেন – (ক) নিমাইবাবু (খ) জগদীশবাবু (গ) অপূর্ব (ঘ) রামদাস। ১.৪ **"বছরগুলো নেমে এল তার মাথার ওপর"**– কীসের মতো?– (ক) কাঁটার মতো (খ) রক্তের মতো (গ) পাথরের মতো

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



## GEOGRAPHY

**বিভাগ-'ক' ১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪**

১.১ কুঞ্চিকল জলপ্রপাতটি রয়েছে– (ক) কাবেরী (খ) নর্মদা (গ) ভারাহি (ঘ) গোদাবরী নদীতে। ১.২ একাধিক বার্খান পরস্পর সংযুক্ত হয়ে তৈরি করে– (ক) নক্ষত্র (খ) অ্যাক্‌লে (গ) দ্রাস, (ঘ) আর্গ বালিয়াড়ি ১.৩ ইনসোলেশনে তাপের প্রভাব সবচেয়ে বেশি পড়ে– (ক) উপক্রান্তীয় অঞ্চলে (খ) ক্রান্তীয় অঞ্চলে (গ) মেরু অঞ্চলে (ঘ) মধ্য অক্ষাংশীয় অঞ্চলে। ১.৪ ফ্রান্সের রোন উপত্যকায় প্রবাহিত শীতল স্থানীয় বায়ু হল– (ক) বোরা, (খ) হারমাট্টান (গ) চিনুক (ঘ) মিস্ট্রাল। ১.৫ মোজাম্বিক ও মাদাগাস্কার স্রোতের মিলিত প্রবাহ হল– (ক) আগুলহাস স্রোত (খ) বেরিং স্রোত (গ) ল্যাব্রাডর স্রোত (ঘ) কুরোশিয়ো স্রোত। ১.৬ উল্কাপিণ্ড পুড়ে ছাই হয় যে স্তরে– (ক) স্ট্র্যাটোস্ফিয়ার (খ) মেসোস্ফিয়ার (গ) আয়নোস্ফিয়ার (ঘ) এক্সোস্ফিয়ার ১.৭ ল্যান্ডফিল থেকে উৎপন্ন গ্যাসটি হল– (ক) অক্সিজেন (খ) কার্বন মনোঅক্সাইড (গ) অ্যামোনিয়া (ঘ) মিথেন। ১.৮ ভারতে হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গটি হল– (ক) $K_2$ (খ) এভারেস্ট (গ) সান্দাকফু (ঘ) কাঞ্চনজঙ্ঘা। ১.৯ ভারতের একটি লবনাক্ত জলের হ্রদের উদাহরণ হল– (ক) উলার (খ) লোকটাক (গ) প্যাংগং (ঘ) পুলিকট ১.১০ ভারতের উত্তরতম স্থানটি হল– (ক) কিবুথু (খ) ইন্দিরা পয়েন্ট (গ) কারগিল (ঘ) ইন্দিরাকল। ১.১১ যে নদীর উপর হিরাকুঁদ বাঁধ গড়ে উঠেছে, সেটি হল– (ক) দামোদর (খ) মহানদী (গ) কৃষ্ণা (ঘ) তাপ্তী ১.১২ ভারতের পশ্চিম উপকূলের বৃহত্তম বন্দর হল– (ক) কলকাতা (খ) চেন্নাই (গ) বিশাখাপত্তনম (ঘ) মুম্বাই ১.১৩ দক্ষিণ ভারতে বাজরার অপর নাম হল– (ক) কুম্বু (খ) মারুয়া (গ) চোলাম (ঘ) জনার ১.১৪ ভারত থেকে প্রেরিত কৃত্রিম উপগ্রহ হল– (ক) SPOT (খ) LANDAST (গ) IRS (ঘ) STATION।

**বিভাগ-'খ' ২। নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো :**

**২.১ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ১×৬=৬**

২.১.১ ভাগীরথী ও অলকানন্দা নদীর মিলন স্থল হল রুদ্র প্রয়াগ ২.১.২ ভূমধ্য সাগরীয় অঞ্চলে বেশি বৃষ্টিপাত গ্রীষ্মকালে হয়। ২.১.৩ নিরক্ষীয় অঞ্চলে সমুদ্র জলের লবনতা সর্বাধিক। ২.১.৪ পারদ জলদূষণে প্রধান ও গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। ২.১.৫ ভারতের প্রায় 60% মানুষ প্রাথমিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত। ২.১.৬ মুম্বাইতে ভারতের বৃহত্তম মোটরগাড়ি নির্মাণকেন্দ্র গড়ে উঠেছে। ২.১.৭ টোপোগ্রাফিক্যাল মানচিত্রে RF মানে হল সংরক্ষিত বনভূমি।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যেকোনো ছটি প্রশ্নের উত্তর দাও) : ১×৬=৬**

২.২.১ 'The Land of Fjords' বলা হয়____কে। ২.২.২ শীতকালে জলীয়বাষ্প ঘণীভূত হয়ে ধূলিকণার সঙ্গে মিশে তৈরি হয়____। ২.২.৩ মৌসুমী স্রোত ____ মহাসাগরে দেখা যায়। ২.২.৪ বায়ুতে ভাসমান অতি সূক্ষ্ম কণাকে____বলে। ২.২.৫

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



বরদৈছিলা_____ ঋতুতে দেখা যায়। ২.২.৬ আলোক তরঙ্গদৈর্ঘ্য পরিমাপের একক হল _____। ২.২.৭ _____রাজ্যে ভারতের বৃহত্তম লোহ-ইস্পাত শিল্পকেন্দ্রটি অবস্থিত।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছটি প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.৩.১ সিফ্ বালিয়াড়ীর নামকরণ কে করেছেন? ২.৩.২ প্রতীপ ঘূর্ণবাত কথাটি প্রথম কে ব্যবহার করেন? ২.৩.৩ ক্রান্তীয় সমুদ্রে কোন ধরনের সমুদ্রস্রোত সৃষ্টি হয়? ২.৩.৪ Fly Ash কী? ২.৩.৫ ভারতের একমাত্র রাষ্ট্রায়ত্ত বিমান সংস্থার নাম কী? ২.৩.৬ গাঙ্গেয় সমভূমির পশ্চিম দিকের ছোট বালিয়াড়ীকে কী বলে? ২.৩.৭ কোন বায়ু প্রবাহ 'The Doctor's Wind' নামে পরিচিত?

**২.৪ বামদিকের সঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো :** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| (২.৪.১) চিক্‌মাগালুর | (১) SAIL |
| (২.৪.২) মালনাদ | (২) ইক্ষু গবেষণা |
| (২.৪.৩) দিল্লি | (৩) পাহাড়ি অঞ্চল |
| (২.৪.৪) লখনউ | (৪) কফি গবেষণা |

**বিভাগ-'গ' ৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৬=১২

৩.১ ড্রামলিন কী? **অথবা,** নগ্নীভবন কী? ৩.২ I.T.C.Z কী? **অথবা,** বানডাকা কী? ৩.৩ বর্জ্যের পুনর্ব্যবহার কী? **অথবা,** পৌরবর্জ্য কী? ৩.৪ ধাপ চাষের গুরুত্ব লেখ। **অথবা,** কাম্য জনসংখ্যা কী? ৩.৫ G.I.S কী? **অথবা,** জিওস্টেশনারি উপগ্রহ কী? ৩.৬ জলবিভাজিকা উন্নয়নের উদ্দেশ্য কী? **অথবা,** তথ্য প্রযুক্তি শিল্প কী?

**বিভাগ-'ঘ' ৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ৩×৪=১২

৪.১ থর মরুভূমি সৃষ্টির কারণ আলোচনা করো। **অথবা,** ক্রান্তীয় চিরহরিৎ ও ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদের পার্থক্য করো। ৪.২ পরিবেশের উপর বর্জ্যের প্রভাব লেখো। **অথবা,** বর্জ্য ব্যবস্থাপনার পদ্ধতিগুলি আলোচনা করো। ৪.৩ টোপোগ্রাফিক্যাল মানচিত্রের বিভিন্ন স্কেল উল্লেখ করো। **অথবা,** ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্র এবং উপগ্রহ চিত্রের পার্থক্য করো। ৪.৪ ভারতে অরণ্য সংরক্ষণের উপায় লেখো। **অথবা,** জেট বায়ুর সঙ্গে মৌসুমী বায়ুর সম্পর্ক লেখো।

**বিভাগ-'ঙ' ৫। ৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.১.১ নদীর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপ চিত্রসহ আলোচনা করো। ৫.১.২ বিশ্ব উষ্ণায়নের প্রভাব আলোচনা করো। ৫.১.৩ ক্রান্তীয় মৌসুমী জলবায়ুর অবস্থান ও বৈশিষ্ট্য আলোচনা করো। ৫.১.৪ সমুদ্রস্রোতের প্রভাব আলোচনা করো।

**৫.২ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.২.১ চা চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ আলোচনা করো। ৫.২.২ ভারতে অসম

edutips.in
সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন
GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



জনবন্টনের কারণ আলোচনা করো। ৫.২.৩ পূর্ব ও মধ্য ভারতে লৌহ-ইস্পাত শিল্পের উন্নতির কারণ আলোচনা করো। ৫.২.৪ ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলের সমভূমির তুলনা করো।

**বিভাগ-'চ' ৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও :** ১×১০=১০

৬.১ নীলগিরি পর্বত। ৬.২ ভারতের বৃহত্তম পেট্রোরসায়ন শিল্পকেন্দ্র। ৬.৩ দক্ষিণ ভারতের পবিত্র নদী। ৬.৪ গম উৎপাদক অঞ্চল। ৬.৫ উত্তর ভারতের ম্যাঞ্চেস্টার। ৬.৬ গোলাপী শহর। ৬.৭ ভারতের ডেট্রয়েট। ৬.৮ ভারতের আবহাওয়া বিভাগের সদর দপ্তর। ৬.৯ ভারতের সিলিকন ভ্যালি। ৬.১০ মালাবার উপকূল।

---

# IV

## BENGALI (First Language)

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

১.১ **"ও মরিয়া হয়ে বলল"** ও হল– (ক) অমৃত (খ) অমৃতের মা (গ) ইসাবের বাবা (ঘ) ইসাব। ১.২ **স্টেশন থেকে নদীর ওপরকার ব্রিজের দূরত্ব–** (ক) ৩ মাইল (খ) ২ মাইল (গ) ১ মাইল (ঘ) ১ ক্রোশ। ১.৩ **"সে ভয়ানক দুর্লভ জিনিস"** – ভয়ানক দুর্লভ' জিনিটি হল– (ক) সন্ন্যাসীর দেখা পাওয়া (খ) সন্ন্যাসীর পায়ের ধুলো পাওয়া (গ) সন্ন্যাসীর মত জীবনযাপন করা (ঘ) সন্ন্যাসীর কমণ্ডলু পাওয়া। ১.৪ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' – কবিতাটি যে কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে– (ক) জলই পাষাণ হয়ে আছে (খ) দিনগুলি রাতগুলি (গ) পাঁজরে দাঁড়ের শব্দ (ঘ) নিহিত পাতাল ছায়া। ১.৫ **'অসুখী একজন'** কবিতায় কীসে সমস্ত সমতল ধ্বংস হল?– (ক) ভূমিকম্পে (খ) ধসে (গ) আগুনে (ঘ) বন্যায়। ১.৬ **কবি 'নূতনের কেতন'** বলেছেন– (ক) কালবোশেখি ঝড়কে (খ) দ্বাদশ রবির বহ্নিজ্বালাকে (গ) বিশ্বমায়ের আসনকে (ঘ) অট্টরোলের হট্টগোলকে। ১.৭ **বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার একটি প্রধান বাধা হল–** (ক) বাংলা ভাষার প্রতি অনীহা (খ) ইংরেজি ভাষার প্রতি আকর্ষণ (গ) লেখকের অপ্রতুলতা (ঘ) বাংলা পারিভাষিক শব্দের অভাব। ১.৮ **বিজ্ঞানের সঙ্গে পূর্ব পরিচয় নেই যে শ্রেণির–** (ক) প্রথম শ্রেণির (খ) দ্বিতীয় শ্রেণির (গ) তৃতীয় শ্রেণির (ঘ) মধ্যম শ্রেণির। ১.৯ **"অনেক ধরে ধরে টাইপ রাইটারে লিখেছেন মাত্র একজন"** – তিনি হলেন– (ক) অন্নদাশঙ্কর রায় (খ) সত্যজিৎ রায় (গ) সুকুমার রায় (ঘ) রাজশেখর বসু। ১.১০ **পূর্বপদ প্রাধান্য পায়–** (ক) দ্বন্দ্ব সমাসে (খ) কর্মধারয় সমাসে (গ) বহুব্রীহি সমাসে (ঘ) অব্যয়ীভাব সমাসে। ১.১১ নিচের কোনটি **নির্দেশকের দৃষ্টান্ত** – (ক) গুলি (খ) থেকে (গ) জন্য (ঘ) কর্তৃক। ১.১২ চিহ্নিত পদটির **কারক বিভক্তি** হল – 'মেবারের পাহাড় **লজ্জায়** মুখ ঢাকছে।' (ক) কর্তৃকারকে 'শূন্য' বিভক্তি (খ) করণকারকে 'য়' বিভক্তি (গ) কর্মকারকে 'য়' বিভক্তি (ঘ) নিমিত্ত কারকে 'শূণ্য' বিভক্তি। ১.১৩ **একই ধাতু থেকে কোনো বাক্যের কর্তা ও ক্রিয়াপদ**

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



## GEOGRAPHY

**বিভাগ-'ক' ১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪**

১.১ মরু অঞ্চলে পর্বতের পাদদেশে প্রস্তরময় ঈষৎ ঢালু, বিস্তীর্ণ সমভূমিকে বলা হয়– (ক) ওয়াদি (খ) পেডিমেন্ট (গ) বাজাদা (ঘ) লোয়েশ। ১.২ সমোষ্ণ রেখাগুলি পরস্পর সমান্তরালে অবস্থান করে– (ক) পূর্ব গোলার্ধে (খ) উত্তর গোলার্ধে (গ) দক্ষিণ গোলার্ধে (ঘ) পশ্চিম গোলার্ধে। ১.৩ নিম্নে স্থানীয় বায়ুর মধ্যে শীতল বায়ু নয়– (ক) বোরা (খ) পম্পেরো (গ) মিস্ট্রাল (ঘ) খামসিন। ১.৪ পরিবেশ বান্ধব বর্জ্যটি হল– (ক) সুতির ন্যাকড়া (খ) প্লাস্টিকের ভাঙা বোতল (গ) পরিত্যক্ত টায়ার (ঘ) ফোমের ছেঁড়া চপ্পল। ১.৫ পৃথিবীকে পরিক্রমণের সময় পৃথিবী ও চাঁদের দূরবর্তী অবস্থানটিকে বলে– (ক) অ্যাপোজি (খ) সিজিগি (গ) পেরিজি (ঘ) বেলোর্মি। ১.৬ সমুদ্র বায়ুর বেগ বৃদ্ধি পায়– (ক) সকালবেলা (খ) দুপুরবেলা (গ) সন্ধ্যাবেলা (ঘ) রাত্রে। ১.৭ মেরুজ্যোতি দেখা যায়– (ক) ট্রোপোস্ফিয়ারে (খ) আয়নস্ফিয়ারে (গ) এক্সোস্ফিয়ারে (ঘ) স্ট্রেটোস্ফিয়ারে। ১.৮ বড়ো দানাযুক্ত মৌচাকের মত মৃত্তিকা হল– (ক) পলিমৃত্তিকা (খ) পডসল (গ) রেগুর (ঘ) ল্যাটেরাইট। ১.৯ ভেষজ উদ্ভিদের উদাহরণ– (ক) সিংকোনা (খ) শিরিষ (গ) পিটুলি (ঘ) গরান। ১.১০ ভারতে প্রথম জনগণনা শুরু হয়– (ক) ১৮৭২ সালে (খ) ১৮৭১ সালে (গ) ১৮৮২ সালে (ঘ) ১৮৮১ সালে। ১.১১ ভারতের বেসরকারি লৌহ ইস্পাত কারখানা হল– (ক) রৌরকেল্লা (খ) বোকারো (গ) দুর্গাপুর (ঘ) জামশেদপুর। ১.১২ ভারতে প্রথম মেট্রোরেল চালু হয় যে শহরে– (ক) মুম্বাই (খ) কোলকাতা (গ) দিল্লি (ঘ) চেন্নাই। ১.১৩ "অর্থনৈতিক উন্নতির জীবন রেখা" বলা হয়– (ক) জলপথকে (খ) সড়কপথকে (গ) রেলপথকে (ঘ) আকাশপথকে। ১.১৪ ভূ-বৈচিত্র্যসূচক বা টেপোমানচিত্রে সমোন্নতি রেখা দেখানো হয় সেই রঙ হল– (ক) বাদামি (খ) লাল (গ) নীল (ঘ) হালকা-সবুজ।

**বিভাগ-'খ' ২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো :** ১×৬=৬

২.১.১ শুষ্ক ও প্রায় শুষ্ক অঞ্চলে নদীর নিম্নক্ষয়ের ফলে 'V' আকৃতি উপত্যকা গঠন করে। ২.১.২ গম চাষে 'বল উইভিল' পোকার আক্রমণে গমের মড়ক লাগে। ২.১.৩ বৈপরীত্য উত্তাপে পার্বত্য উপত্যকায় নিম্নমুখী বায়ুকে বলে ক্যাটাবেটিক বায়ু। ২.১.৪ ভূ-মধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলকে শীতকালীন বৃষ্টিপাতের দেশ বলা হয়। ২.১.৫ পৃথিবীর প্রথম কৃত্রিম উপগ্রহ আর্যভট্ট। ২.১.৬ ল্যান্ডফিলের বর্জ্য পদার্থ ধোয়া জলকে লিচেট বলে। ২.১.৭ ভারত সংলগ্ন প্রতিবেশী দেশের মধ্যে ভারত-বাংলাদেশের সীমারেখার দৈর্ঘ্যই সর্বাধিক।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যেকোনো ছয়টির প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.২.১ আবহবিকার, পুঞ্জিতক্ষয় ও ক্ষয়ীভবনের ফলে নীচের শিলাস্তর উন্মুক্ত হওয়াকে

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



_____ বলে। ২.২.২ ঊর্ধ্ব ট্রোপোস্ফিয়ারের পশ্চিম থেকে পূর্বে প্রবাহিত দ্রুতগতি সম্পন্ন সর্পিলাকার বায়ুকে _____ বায়ু বলে। ২.২.৩ ভার্মি কম্পোস্ট সার তৈরিতে প্রধান ভূমিকা থাকে _____। ২.২.৪ বৃষ্টিচ্ছায় অঞ্চল দেখা যায় পর্বতের _____ ঢালে। ২.২.৫ _____ হল একটি বন্দরভিত্তিক লৌহ-ইস্পাত কারখানা। ২.২.৬ যে সব নির্দিষ্ট কোম্পানি বা সংস্থার জাহাজ সমুদ্রে চলাচল করে তাদের শিপিং _____ বলে। ২.২.৭ কৃত্রিম উপগ্রহের সোজাসুজির নীচে ভূ-পৃষ্ঠে অবস্থিত বিন্দুকে _____ বলে।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছয়টি) :** ১×৬=৬

২.৩.১ নদীর গতিবেগ দ্বিগুণ বৃদ্ধি পেলে তার বহন ক্ষমতা কত গুণ বৃদ্ধি পায়? ২.৩.২ গ্রেট গ্রিনওয়াল কোন মরুভূমিতে রয়েছে? ২.৩.৩ বিভিন্ন জলাভূমি ও ধান ক্ষেতে জমা জল থেকে কোন গ্রিনহাউস গ্যাস নির্গত হয়? ২.৩.৪ কোন তিথিতে মরা কোটাল হয়? ২.৩.৫ প্রতীপ ঘূর্ণবাতের কেন্দ্রে কোন চাপ অবস্থান করে? ২.৩.৬ ভারতের বৃহত্তম অঙ্গরাজ্য কোনটি? ২.৩.৭ উপগ্রহ চিত্রে সবুজ উদ্ভিদকে কোন ছদ্ম রং এ দেখানো হয়? ২.৩.৮ ভারতের চা গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?

**২.৪ বামদিকের সঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো :**

| বামদিক | ডানদিক |
|---|---|
| (২.৪.১) চিনুক | (১) মগ্নচড়া |
| (২.৪.২) প্ল্যাংটন | (২) রেগুর |
| (২.৪.৩) পাইন | (৩) রকি পর্বত |
| (২.৪.৪) কার্পাস | (৪) পশ্চিম হিমালয় |

**বিভাগ-'গ' ৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৬=১২

৩.১ পর্যায়ন কী? **অথবা,** মরুদ্যান কী? ৩.২ ঘূর্ণবাতের চক্ষু কী? **অথবা,** ফেরেলের সূত্রটি লেখো। ৩.৩ তাল কী? **অথবা,** বহুমুখী নদী পরিকল্পনা কাকে বলে? ৩.৪ স্ক্যাবার কী? **অথবা,** তেজস্ক্রিয় বর্জ্য কাকে বলে? ৩.৫ জিওস্টেশনারি উপগ্রহ কী? **অথবা,** দূর সংবেদন কী? ৩.৬ সংকর ইস্পাত কাকে বলে। **অথবা,** সামাজিক বনসৃজন কাকে বলে?

**বিভাগ-'ঘ' ৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও :** ৩×৪=১২

৪.১ বিশ্ব উষ্ণায়নের প্রধান তিনটি প্রভাব ব্যাখ্যা করো। **অথবা,** সমুদ্র বায়ু ও স্থলবায়ুর মধ্যে পার্থক্য লেখো। ৪.২ ভারতে মৃত্তিকা ক্ষয় প্রতিরোধের তিনটি উপায় ব্যাখ্যা করো। **অথবা,** ভারতের রেলপথ ও সড়ক পথ পরিবহণের গুরুত্ব তুলনামূলক আলোচনা করো। ৪.৩ পরিবেশের উপর বর্জ্যর তিনটি প্রভাব আলোচনা করো। **অথবা,** গৃহে ও বিদ্যালয়ে বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের ভূমিকা আলোচনা করো। ৪.৪. উপগ্রহ চিত্র তোলার বিভিন্ন পর্যায়গুলি ব্যাখ্যা করো। **অথবা,** ভূ-বৈচিত্র্য সূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের পার্থক্য লেখো।

edutips.in
সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন
GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



**বিভাগ-'ঙ' ৫। ৫.১ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.১.১ নদীর ক্ষয় কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের সচিত্র বর্ণনা দাও। ৫.১.২ পৃথিবীর তাপমণ্ডলগুলির পরিচয় দাও। ৫.১.৩ শৈলৎক্ষেপ বৃষ্টিপাত কীভাবে হয় উদাহরণ সহ ব্যাখ্যা করো। ৫.১.৪ সমুদ্র স্রোত সৃষ্টির প্রধান কারণগুলি ব্যাখ্যা করো।

**৫.২ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.২.১ পশ্চিম উপকূলীয় সমভূমি ও পূর্ব উপকূলীয় সমভূমির তুলনামূলক পার্থক্য লেখো। ৫.২.২ চা চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিবরণ দাও। ৫.২.৩ পূর্ব-মধ্য ভারতে লৌহ-ইস্পাত শিল্পের কেন্দ্রীভবনের কারণগুলি লেখো। ৫.২.৪ ভারতে জনঘনত্বের তারতম্যের কারণগুলি ব্যাখ্যা করো।

**বিভাগ-'চ' ৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করো :** ৫×২=১০

৬.১ ভারতের প্রাচীন ভঙ্গিল পর্বত (আরাবল্লী)। ৬.২ কাবেরী নদী। ৬.৩ লোকটাক হ্রদ। ৬.৪ পূর্ব উপকূলের স্বাভাবিক বন্দর (বিশাখাপত্তনম)। ৬.৫ একটি কফি উৎপাদক অঞ্চল। ৬.৬ একটি চিরহরিৎ বৃক্ষের বনভূমি। ৬.৭ পূর্ব ভারতের একটি পেট্রোরাসায়নিক শিল্প কেন্দ্র। ৬.৮ ভারতের বৃহত্তম বিমান বন্দর। ৬.৯ ভারতের মরু মৃত্তিকা। ৬.১০ ভারতের সিলিকন ভ্যালি।

# VII

## BENGALI (First Language)

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

১.১ **"শুধু এইটাই জানা ছিল না"**– (ক) মেসো লেখক (খ) মানুষই গল্প লেখে (গ) সে গল্প লিখতে পারে (ঘ) তার গল্প ছাপা হবে। ১.২ **"তেওয়ারি ঘরে ছিল না"** – তেওয়ারি গিয়েছিল– (ক) ভামোয় (খ) ফয়ায় (গ) রেঙ্গুনে (ঘ) বাংলাদেশে। ১.৩ **"পারিলেও মানুষ কি তাকে রেহাই দিবে?"** – মানুষ কাকে রেহাই দেবে না?– (ক) নদীকে (খ) ব্রীজকে (গ) বাঁধকে (ঘ) নদেরচাঁদকে। ১.৪ **"ছিনিয়ে নিয়ে গেল তোমাকে"** – কে ছিনিয়ে নিয়ে গেল?– (ক) সূর্যহারা অরণ্য (খ) কৃপণ আলো (গ) প্রাচী ধরিত্রী (ঘ) রুদ্র সমুদ্রের বাহু। ১.৫ **"বাহুরক কন্যার জীবন"** – এখানে কন্যা কে?– (ক) পদ্মা (খ) পদ্মাবতী (গ) রম্ভা (ঘ) বিদ্যাধরী। ১.৬ **"মাভৈঃ মাভৈঃ!"** – মাভৈঃ শব্দের অর্থ কী?– (ক) এগিয়ে চলা (খ) ভয় করো না (গ) ধ্বংসের মন্ত্র (ঘ) নতুন সৃষ্টির মন্ত্র। ১.৭ **"তিন ত্রিফলা"** – ত্রিফলা বলতে বোঝায়,– (ক) হরিতকি, আম, সুপারি (খ) হরিতকি, সুপারি, আমলকি (গ) হরিতকি, বহেড়া, আমলকি (ঘ) আমলকি, সুপারি, বহেড়া। ১.৮ "Connotation" শব্দের অর্থ– (ক) অর্থব্যাপ্তি (খ) অর্থসংকোচ (গ) অর্থ রূপান্তর (ঘ) অর্থসংশ্লেষ। ১.৯ **লেখক কার কাছে সোনার দোয়াত দেখেছিল?**– (ক) শরৎচন্দ্রের কাছে (খ) সুভো ঠাকুরের কাছে (গ) শৈলজানন্দের কাছে (ঘ) অন্নদাশঙ্করের

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



কীভাবে উদ্বাস্তু সমস্যার ইতিহাস রচনার উপাদান হিসাবে ব্যবহার করা হয়?

**বিভাগ-'ঘ' সাত বা আটটি বাক্যে যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্নের উত্তর দাও) :** ৪×৬=২৪

**উপবিভাগ : ঘ.১** ৪.১ ঐতিহাসিক উপাদান হিসাবে 'বঙ্গদর্শন' পত্রিকার মূল্যায়ন করো। ৪.২ বাংলার নবজাগরণে সাহিত্যের অবদান বিবৃত করো। **উপবিভাগ : ঘ.২** ৪.৩ কোল বিদ্রোহের কারণগুলি আলোচনা করো। ৪.৪ 'ভারতমাতা' চিত্র কীভাবে ভারতবাসীর জাতীয়তাবাদ জাগ্রত করেছিল? **উপবিভাগ : ঘ.৩** ৪.৫ 'জাতীয় শিক্ষা পরিষদ' কেন গড়ে উঠেছিল? ৪.৬ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের প্রতি কৃষক শ্রেণির আগ্রহ ছিল না কেন? **উপবিভাগ : ঘ.৪** ৪.৭ আজাদ হিন্দ ফৌজের কার্যক্রমে নারীদের ভূমিকা কী ছিল? ৪.৮ 'হায়দ্রাবাদ' রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়েছিল?

**বিভাগ-'ঙ' ৫। পনেরো বা ষোলোটি বাক্যে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ স্বামী বিবেকানন্দের ধর্মসংস্কারের আদর্শ ব্যাখ্যা করো। ৫.২ স্বদেশী আন্দোলনে ছাত্রসমাজের ভূমিকা কী ছিল? সশস্ত্র বিপ্লবী আন্দোলনে সূর্য সেনের অবদান লেখো। ৫.৩ 'জগদীশচন্দ্র বসু' এবং 'প্রফুল্লচন্দ্র রায়' কেন বিজ্ঞান গবেষণার পথিকৃৎ?

## GEOGRAPHY

**বিভাগ-'ক' ১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :** ১×১৪=১৪

১.১ যে প্রক্রিয়ার মাধ্যমে ক্ষয়, বহন ও সঞ্চয় কার্যের মধ্যে সামঞ্জস্য তৈরি হয়– (ক) ক্ষয়সাধন (খ) স্তূপীকরণ (গ) পর্যায়ন (ঘ) আবহবিকার। ১.২ প্রবল উত্তাল জলরাশি যখন নীচে নেমে আসে তাকে বলে– (ক) কাসকেড (খ) ক্যাটারাক্ট (গ) জলপ্রপাত (ঘ) নদীসঙ্গম। ১.৩ পার্বত্য হিমবাহের পৃষ্ঠদেশে সৃষ্ট গভীর ফাটলগুলিকে বলে– (ক) নুনাটাক (খ) ক্রেভাস (গ) অ্যারেট (ঘ) সার্ক। ১.৪ জিওস্ট্রপিক বায়ু প্রবাহিত হয়– (ক) ট্রোপোস্ফিয়ার (খ) স্ট্যাটোস্ফিয়ার (গ) মেসোস্ফিয়ার (ঘ) আয়নোস্ফিয়ার স্তরে। ১.৫ বায়ু মধ্যস্থিত জলীয়বাষ্প যে উষ্ণতায় সম্পৃক্ত হয়– (ক) হিমাঙ্ক (খ) তাপাঙ্ক (গ) শিশিরাঙ্ক (ঘ) সাধারণ উষ্ণতা। ১.৬ উষ্ণ সমুদ্রস্রোত ও শীতল সমুদ্রস্রোত যেখানে মিলিত হয় তাকে বলে– (ক) হিমপ্রাচীর (খ) হিমশৈল (গ) হিমানী সম্প্রপাত (ঘ) হিমগুল্ম। ১.৭ ল্যান্ডফিল থেকে উৎপন্ন গ্যাস হল– (ক) $N_2$ (খ) $O_2$ (গ) মিথেন (ঘ) অ্যামোনিয়া। ১.৮ ভারত থেকে প্রেরিত কৃত্রিম উপগ্রহ হল– (ক) IRS (খ) LANDSAT (গ) SPOT (ঘ) NOAA। ১.৯ নিম্নলিখিত রাজ্য ভেঙে তেলেঙ্গানা রাজ্যের সৃষ্টি হয়েছে– (ক) মধ্যপ্রদেশ (খ) অন্ধ্রপ্রদেশ (গ) বিহার (ঘ) উত্তরপ্রদেশ। ১.১০ ভারতে পশ্চিমীঝঞ্ঝা দেখা যায়– (ক) গ্রীষ্মকালে (খ) শরৎকালে (গ) বর্ষাকালে (ঘ) শীতকালে। ১.১১ ল্যাটেরাইট মৃত্তিকা দেখা যায়– (ক) গাঙ্গেয় সমভূমিতে (খ) পশ্চিমঘাট পর্বতের পশ্চিম ঢালে (গ) সুন্দরবন (ঘ) মরু অঞ্চলে। ১.১২ উত্তরে শ্রীনগর থেকে দক্ষিণে কন্যাকুমারিকাকে যুক্ত করার দ্রুতগামী সড়ক যোগাযোগ পরিকল্পনার নাম হল– (ক) পূর্ব-পশ্চিম করিডর (খ) সোনালী চতুর্ভুজ (গ) উত্তর-পশ্চিম করিডর (ঘ) উত্তর-মধ্য করিডর। ১.১৩ ভারতের

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™ | মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS | Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ! | EduTips App Installed



কেন্দ্রীয় কফি গবেষণাগার অবস্থিত– (ক) জোড়হাটে (খ) বেঙ্গলুরুতে (গ) চিকমাগালুরে (ঘ) কোয়েম্বাটুরে। ১.১৪ পশ্চিমবঙ্গের সর্বাধিক গুরুত্বপূর্ণ তথ্যপ্রযুক্তি শিল্পকেন্দ্র হল– (ক) দুর্গাপুর (খ) খড়্গপুর (গ) সেক্টর V সল্টলেক (ঘ) শিলিগুড়ি।

**বিভাগ-'খ' ২.১। নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে 'শু' অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো :** ১×৬=৬

২.১.১ বার্খান বালিয়াড়ি থেকে সিফ্ বালিয়াড়ি সৃষ্টি হয়। ২.১.২ ওজোন স্তরকে প্রাকৃতিক সৌরপর্দা বলে। ২.১.৩ ভূ-মধ্যসাগরীয় অঞ্চলে সাধারণত গ্রীষ্মকালে বৃষ্টিপাত হয়। ২.১.৪ সূর্য, চাঁদ ও পৃথিবীর সরলরৈখিক অবস্থানকে সিজিগি বলে। ২.১.৫ ভারতে অধিকাংশ ধান শীতকালে রবি শস্য হিসাবে চাষ করা হয়। ২.১.৬ ভারতের সর্বাধিক জনঘনত্বপূর্ণ রাজ্য হল পশ্চিমবঙ্গ। ২.১.৭ উপগ্রহ চিত্রে বিভিন্ন প্রতীকের সাহায্যে ভৌগোলিক বৈশিষ্ট্যগুলি বোঝানো হয়।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও):** ১×৬=৬

২.২.১ _____ নদীর নাম অনুসারে নদীতে সৃষ্ট বাঁক মিয়েন্ডার নামে পরিচিত। ২.২.২ বায়ুমণ্ডলে উচ্চতা বৃদ্ধির সাথে উষ্ণতা বৃদ্ধি পাওয়াকে _____ বলে। ২.২.৩ _____ মেঘালয় মালভূমির সর্বোচ্চ অংশ। ২.২.৪ যে সকল বর্জ্য বিয়োজিত হয়ে জল, মাটি ও বাতাসের সঙ্গে মিশে যায় তাকে _____ বলে। ২.২.৫ _____ শহরকে দক্ষিণ ভারতের ম্যানচেস্টার বলে। ২.২.৬ শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র ব্যবহারের ফলে বায়ুমন্ডলে _____ গ্যাস নির্গত হয়। ২.২.৭ সমুদ্র জলরাশির একইস্থানে উল্লম্ব সঞ্চালনকে _____ বলে।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ৬টি প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.৩.১ ভারতে ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্র প্রস্তুতকারী সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত? ২.৩.২ ২০১১ খ্রিস্টাব্দের জনগণনা অনুসারে ভারতের সাক্ষরতার হার কত? ২.৩.৩ ভারতের বৃহত্তম বিমানপোত নির্মাণ সংস্থাটির নাম কী? ২.৩.৪ ভারতের কোন্ রাজ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সর্বপ্রথম এসে পৌঁছায়? ২.৩.৫ কঠিন বর্জ্য পদার্থের সবচেয়ে বড় উৎস কোনটি? ২.৩.৬ কোন স্রোতের প্রভাবে জাপান উপকূল উষ্ণ থাকে? ২.৩.৭ মেঘাচ্ছন্নতা কোন এককে প্রকাশ করা হয়? ২.৩.৮ নদী বাঁকের সঞ্চয়কে কী বলে?

**২.৪ বামদিকের সাথে ডানদিক মেলাও :** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
| --- | --- |
| ২.৪.১ ম্যাটারহর্ন | (১) কলরাডো নদী |
| ২.৪.২ কাতার | (২) আল্পস |
| ২.৪.৩ খাঁড়ি | (৩) মিশর |
| ২.৪.৪ গ্রান্ড ক্যানিয়ন | (৪) প্রশস্ত নদী মোহানা |

**বিভাগ-'গ' ৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৬=১২

edutips.in | সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন | GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



৩.১ বর্জ্য ব্যবস্থাপনার সংজ্ঞা দাও। **অথবা,** তেজস্ক্রিয় বর্জ্য বলতে কী বোঝায়? ৩.২ দুন কী? **অথবা,** ভারতের মরু উদ্ভিদের দুটি বৈশিষ্ট্য লেখো। ৩.৩ ইঞ্জিনিয়ারিং শিল্প কাকে বলে? **অথবা,** হীরক চর্তুভুজ প্রকল্প কী? ৩.৪ জিওস্টেশনারি উপগ্রহ কাকে বলে? **অথবা,** পিক্সেল কী? ৩.৫ ফিয়র্ড কী? **অথবা,** অশ্ব অক্ষাংশ কাকো বলে? ৩.৬ আপেক্ষিক আর্দ্রতা কাকে বলে? **অথবা,** মগ্নচড়া কী?

**বিভাগ-'ঘ'** ৪। **সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ৩×৪=১২

৪.১ মরু অঞ্চলে বায়ুর কাজের প্রাধান্য দেখা যায় কেন? **অথবা,** সমুদ্রবায়ু ও স্থলবায়ুর পার্থক্য আলোচনা করো। ৪.২ ভারতে মৃত্তিকা ক্ষয়ের তিনটি পর্যায়ের আলোচনা করো। **অথবা,** ভারতের অরণ্য সংরক্ষণের তিনটি প্রধান উপায় সংক্ষেপে আলোচনা করো। ৪.৩ গ্যাসীয় বর্জ্য নিয়ন্ত্রণের উপায়গুলি কী কী? **অথবা,** বর্জ্যের পরিমাণগত হ্রাস কীভাবে করা যায়? ৪.৪ ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের পার্থক্য কী কী? **অথবা,** ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি ব্যবহার উল্লেখ করো।

**বিভাগ-'ঙ'** ৫। ৫.১। **যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.১.১ বায়ুর ক্ষয়কার্যের ফলে গঠিত প্রধান ভূমিরূপগুলি চিত্রসহ বর্ণনা করো। ৫.১.২ বায়ুমণ্ডলের উষ্ণতার তারতম্যের তিনটি প্রধান কারণ ব্যাখ্যা করো। ৫.১.৩ ক্রান্তীয় মৌসুমী জলবায়ু অঞ্চলের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫.১.৪ সমুদ্রস্রোত সৃষ্টির কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২ **যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.২.১ ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলের সমভূমির প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য করো। ৫.২.২ ভারতে ইক্ষুচাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ বর্ণনা করো। ৫.২.৩ পশ্চিম ভারতে পেট্রোরসায়ন শিল্পে অধিক উন্নতির কারণ ব্যাখ্যা করো। ৫.২.৪ ভারতে জনসংখ্যা বন্টনের তারতম্যের পাঁচটি কারণ আলোচনা করো।

**বিভাগ-'চ'** ৬। **ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক চিহ্নসহ দেখাও :** ১×১০=১০

৬.১ নীলগিরি পর্বত। ৬.২ তাপ্তি নদী। ৬.৩ বছরে দু'বার বৃষ্টিপাত অঞ্চল। ৬.৪ ভারতের মরু মৃত্তিকা অঞ্চল। ৬.৫ উত্তর ভারতের গম উৎপাদক অঞ্চল। ৬.৬ উত্তর ভারতের বৃহত্তম মোটরগাড়ি নির্মাণ শিল্প। ৬.৭ ভারতের সর্বাধিক জনঘনত্বপূর্ণ কেন্দ্রশাসিত অঞ্চল। ৬.৮ ভারতের হাইটেক বন্দর। ৬.৯ পূর্ব ভারতের একটি মহানগর। ৬.১০ দক্ষিণ ভারতের একটি আন্তর্জাতিক বিমানবন্দর।

---

# XII

## BENGALI (First Language)

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

১.১ **'বহুরূপী'** গল্পে **বাস ড্রাইভারের** নাম হল– (ক) শিবনাথ (খ) বদ্রিপ্রসাদ (গ) হরেরাম

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



**উপবিভাগ : ঘ.১** ৪.১ উনিশ শতকে নারী মুক্তি আন্দোলনে 'বামাবোধিনী' পত্রিকার অবদান কী ছিল? ৪.২ উনিশ শতকে বাংলার নবজাগরণের গুরুত্ব আলোচনা করো। **উপবিভাগ : ঘ.২** ৪.৩ সাঁওতাল বিদ্রোহের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪.৪ মহারানী ভিক্টোরিয়ার ঘোষণাপত্রের গুরুত্ব নির্ণয় করো। **উপবিভাগ : ঘ.৩** ৪.৫ বাংলার বিজ্ঞানচর্চার ইতিহাসে বসু বিজ্ঞান মন্দিরের অবদান কী ছিল? ৪.৬ সাইমন কমিশন বিরোধী আন্দোলনে শ্রমিকদের অবদান কী ছিল? **উপবিভাগ : ঘ.৪** ৪.৭ ভারতছাড়ো আন্দোলনে ছাত্রদের ভূমিকা কীরূপ ছিল লেখো। ৪.৮ 'আত্মজীবনী' ও 'স্মৃতিকথা' থেকে দেশভাগ সম্পর্কে কী জানা যায়?

**বিভাগ-'ঙ' ৫। পনেরো বা ষোলোটি বাক্যে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮**
৫.১ রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিক্ষা দর্শন' সম্পর্কে কী জানো? তিনি কিভাবে তার প্রয়োগ করেন? ৫.২ জাতীয় কংগ্রেসের অভ্যন্তরে 'বামপন্থী মতাদর্শ' উদ্ভবের কারণ কী উল্লেখ করো। ৫.৩ বিংশ শতকে ভারতে নারী আন্দোলনের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। এই শতকের জাতীয় আন্দোলনগুলিতে নারী জাতি কী ভূমিকা পালন করেছিল?

## GEOGRAPHY

**বিভাগ-'ক' ১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪**
১.১ দু'টি নদী অববাহিকার মধ্যবর্তী উচ্চভূমিকে বলে– (ক) নদীর উৎস (খ) দোয়াব (গ) জলবিভাজিকা (ঘ) জলপ্রপাত। ১.২ চলমান বালিয়াড়িকে রাজস্থানের স্থানীয় ভাষায় বলে– (ক) শটস (খ) ধ্রিয়ান (গ) ওয়াদি (ঘ) প্লায়া। ১.৩ এল নিনোর আবির্ভাব হয় কোন মহাসাগরে– (ক) আটলান্টিক (খ) প্রশান্ত (গ) ভারত (ঘ) কুমেরু মহাসাগরে। ১.৪ রেডিও তরঙ্গ ফিরে আসে– (ক) ট্রোপোস্ফিয়ার (খ) স্ট্যাটোস্ফিয়ার (গ) মেসোস্ফিয়ার (ঘ) আয়নোস্ফিয়ার থেকে। ১.৫ মরা কোটালের সময় চাঁদ, সূর্য ও পৃথিবী পরস্পর– (ক) ৩৬০° (খ) ৪৫° (গ) ১৮০° (ঘ) ৯০° কোণে অবস্থান করে। ১.৬ সমুদ্রস্রোত সৃষ্টিতে সবচেয়ে বেশি প্রভাব বিস্তার করে– (ক) সাময়িক (খ) নিয়ত (গ) স্থানীয় (ঘ) আকস্মিক বায়ু। ১.৭ বায়ো গ্যাসের প্রধান উপাদান হল– (ক) মিথেন (খ) কার্বন-ডাই-অক্সাইড (গ) অ্যামোনিয়া (ঘ) ক্লোরিন। ১.৮ আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের সর্বোচ্চ শৃঙ্গ হল– (ক) নারকোন্ডাম (খ) মাউন্ট হ্যারিয়ট (গ) স্যাডল পিক (ঘ) নামচা বারোয়া। ১.৯। আরাবল্লী পর্বতের পাদদেশে গঠিত উর্বর প্লাবনভূমি হল– (ক) বাজাদা (খ) রোহি (গ) হামাদা (ঘ) মরুস্থলী। ১.১০ ভারতে সর্বাধিক জলসেচ করা হয় যে পদ্ধতিতে– (ক) কূপ-নলকূপ (খ) খাল (গ) জলাশয় (ঘ) ফোয়ারা পদ্ধতিতে। ১.১১ ভারতের সর্বাধিক স্থান জুড়ে আছে– (ক) কালো মাটি (খ) পলি মাটি (গ) ল্যাটেরাইট মাটি (ঘ) লাল মাটি। ১.১২ ভারতের বৃহত্তম পেট্রোরসায়ন কেন্দ্র– (ক) জামনগর (খ) কয়ালি (গ) হলদিয়া (ঘ) ট্রম্বে। ১.১৩ ভারতে উন্নয়নের জীবনরেখা বলা হয়– (ক) সড়কপথ (খ) জলপথ (গ) রেলপথ (ঘ) বিমানপথকে। ১.১৪ মিলিয়ন শীটে অক্ষরেখা ও দ্রাঘিমারেখার বিস্তৃতি– (ক) $4^\circ \times 4^\circ$ (খ) $1^\circ \times 1^\circ$ (গ) $2^\circ \times 2^\circ$ (ঘ) $3^\circ \times 3^\circ$।



edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™ | মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS | Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ! | EduTips App Installed



**বিভাগ-'খ' ২। নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো :**

**২.১ যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :** ১×৬=৬

২.১.১ মরু অঞ্চলের অবশিষ্ট পাহাড়গুলিকে মোনাডনক বলে। ২.১.২ ক্রান্তীয় মৌসুমী জল বায়ুতে বার্ষিক উষ্ণতার প্রসর কম। ২.১.৩ 'Grade' শব্দটির প্রথম উপস্থাপন করেন চেম্বারলিন ও সলিসবেরি। ২.১.৪ ভেম্বানাদ হল ভারতের বৃহত্তম মিষ্টি জলের হ্রদ। ২.১.৫ বায়ুর উষ্ণতা বৃদ্ধি পেলে আপেক্ষিক আর্দ্রতা বাড়ে। ২.১.৬ গৌন জোয়ার সৃষ্টির মূল কারণ হল বিকর্ষণ বল। ২.১.৭ কার্পাস চাষ বল উইভিল পোকার আক্রমণে ক্ষতিগ্রস্ত হয়।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যেকোনো ছটি প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.২.১ বালুকাময় মরুভূমিকে আলজিরিয়ার____বলে। ২.২.২ নদীখাতে অবঘর্ষ প্রক্রিয়ায় সৃষ্ট গর্তগুলিকে____বলে। ২.২.৩ প্রাকৃতিক সৌরপর্দা বলা হয় বায়ুমন্ডলের ____স্তরকে। ২.২.৪ পৃথিবীর বৃহত্তম সামুদ্রিক মগ্নচড়া হল____। ২.২.৫ যানবাহনের কার্বন কণা নির্গমন রোধে ব্যবহার করা হয়____যন্ত্র। ২.২.৬ ভারতে জল সংরক্ষণে অগ্রণী রাজ্য হল____। ২.২.৭ ভারতের একটি জায়িদ ফসলের উদাহরণ হল____।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছটি প্রশ্নের উত্তর দাও) :** ১×৬=৬

২.৩.১ কোন যন্ত্রের দ্বারা বায়ুর আর্দ্রতা মাপা হয়? ২.৩.২ শৈবাল সাগর বলতে কি বোঝায়? ২.৩.৩ গঙ্গা নদীর কোন অংশে/প্রবাহে সর্বাধিক দূষণ দেখা যায়? ২.৩.৪ কোন শিল্পকে 'শিল্পের শিল্প' বলে? ২.৩.৫ ভারতের একটি 'Twin City'-র উদাহরণ দাও। ২.৩.৬ ২০১১ সালের জনগণনা অনুযায়ী ভারতে স্বাক্ষরতার হার কত শতাংশ? ২.৩.৭ দক্ষিণ ভারতের ধানভাণ্ডার কোন অঞ্চলকে বলে? ২.৩.৮ ভারতের মহাকাশ গবেষণা সংস্থার নাম কি?

**২.৪ বামদিকের সঙ্গে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো :** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ চিকমাগালুর | (১) লবণ হ্রদ |
| ২.৪.২ সম্বর | (২) ফ্রান্স |
| ২.৪.৩ কারেওয়া | (৩) ভারতের কফি গবেষণাকেন্দ্র |
| ২.৪.৪ SPOT | (৪) কাশ্মীর উপত্যকা |

**বিভাগ-'গ' ৩। নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৬=১২

৩.১ পেডিমেন্ট কী? **অথবা,** অশ্ব অক্ষাংশ কাকে বলে? ৩.২ হিমপ্রাচীর কাকে বলে? **অথবা,** এজেন্ডা-২১ কি? ৩.৩ ইউট্রোফিকেশন কি? **অথবা,** পরিবেশ-মিত্র বর্জ্য কাকে বলে? ৩.৪ ভারতের কৃষিতে সবুজ বিপ্লবের অর্থ কি? **অথবা,** ধারণযোগ্য উন্নয়ন বলতে

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



কি বোঝায়? ৩.৫ মৌসুমী বিস্ফোরণ কাকে বলে? **অথবা,** বিশুদ্ধ কাঁচামাল কি? ৩.৬ রিমোট সেন্সিং বলতে কি বোঝ? **অথবা,** বেঞ্চ মার্ক বলতে কি বোঝ?

**বিভাগ-'ঘ' ৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ৩×৪=১২

৪.১ ৪.১ কিভাবে মরুকরণ প্রতিরোধ করা যায়? **অথবা,** মগ্নচড়াগুলি মৎস্য চাষের অনুকূল–ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো। ৪.২ বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের ভূমিকা আলোচনা করো। **অথবা,** পচনশীল জৈব বর্জ্য ব্যবস্থাপনার প্রক্রিয়াটি ব্যক্ত করো। ৪.৩ ভৌমজলের অতিরিক্ত ব্যবহারের কুফলগুলি কি কি? **অথবা,** ভারতের অর্থনৈতিক উন্নতিতে পরিবহণের গুরুত্ব আলোচনা করো। ৪.৪ ভূ-সমলয় ও সূর্যসমলয় উপগ্রহের মধ্যে পার্থক্য লেখ। **অথবা,** দূর সংবেদন ব্যবস্থার প্রধান সুবিধাগুলি উল্লেখ করো।

**বিভাগ-'ঙ' ৫। ৫.১ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.১.১ নদীর উচ্চ প্রবাহে ক্ষয়কার্যের ফলে গঠিত প্রধান ভূমিরূপগুলির চিত্রসহ বর্ণনা দাও। ৫.১.২ মরু অঞ্চলে বায়ু ও জলধারার মিলিত কার্যের ফলে গঠিত ভূমিরূপগুলি চিত্রসহ আলোচনা করো। ৫.১.৩ পৃথিবীর একই স্থানে দুটি মুখ্যজোয়ারের সংঘটনে সময়ের ব্যবধান ২৪ ঘণ্টা ৫২ মিনিট– চিত্রসহ বুঝিয়ে দাও। ৫.১.৪ ভূ-পৃষ্ঠে বায়ুচাপের তারতম্যে প্রভাব বিস্তারকারী উপাদানগুলি আলোচনা করো।

**৫.২ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৫.২.১ ভারতের জলবায়ুর উপর মৌসুমী বায়ুর প্রভাব আলোচনা করো। ৫.২.২ ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলের প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্যগুলি লেখো। ৫.২.৩ পূর্ব ভারতে লৌহ-ইস্পাত শিল্পের কেন্দ্রীভবনের কারণ আলোচনা করো। ৫.২.৪ ভারতের জনসংখ্যার অসমবণ্টনের প্রধান পাঁচটি কারণ আলোচনা করো।

**বিভাগ-'চ' ৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও :** ১×১০=১০

৬.১ আরাবল্লী পর্বত ৬.২ কাবেরী নদী ৬.৩ ভারতের গভীরতম বন্দর ৬.৪ লোকটাক হ্রদ ৬.৫ শ্রীনগর ৬.৬ ভারতের একটি চিরহরিৎ অরণ্য অঞ্চল। ৬.৭ কাথিয়াবাড় উপদ্বীপ ৬.৮ করমন্ডল উপকূল ৬.৯ ভারতের চা গবেষণা কেন্দ্র ৬.১০ ভারতের একটি অতি জনবিরল বসতিযুক্ত অঞ্চল।

---

# V

## BENGALI (First Language)

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=১৭

**১.১ তপন তার ছোটোমাসির চেয়ে বয়সে কতটা ছোটো?**– (ক) বছর সাতেকের (খ) বছর আটেকের (গ) বছর পাঁচেকের (ঘ) বছর চারেকের। **১.২ অমৃতের ভাই রয়েছে–** (ক) একটি (খ) দুটি (গ) তিনটি (ঘ) চারটি। **১.৩ অপূর্ব নিজের পরিচয় জানিয়েছিল যে–** (ক) হিন্দু (খ) ব্রাহ্মণ (গ) কায়স্থ (ঘ) খ্রিস্টান। **১.৪ "এল ওরা লোহার হাতকড়ি**

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play